

প্রেস রিলিজ

তারিখ: ১৫ এপ্রিল ২০২৬

উচ্চশিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত স্থায়ী কমিটির ১০৭তম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উচ্চশিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা সংক্রান্ত স্থায়ী কমিটির ১০৭তম সভা আজ ১৫ এপ্রিল ২০২৬ তারিখ বুধবার সকাল ১১:০০টায় উপাচার্য এর গাজীপুরস্থ কার্যালয়ের কনফারেন্স কক্ষ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। এতে বিগত সভার কার্যবিবরণী এবং সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোকপাত করা হয়।

সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, “উচ্চশিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ বিষয়সমূহে কার্যকর অগ্রগতি নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলের সমন্বিত উদ্যোগ ও সুস্পষ্ট নীতিনির্ধারণ অপরিহার্য। তিনি উল্লেখ করেন, এ ধরনের সভা বাউবির শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকদের জন্য নতুন দিকনির্দেশনা প্রদান এবং ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি আরও বলেন, সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাসময়ে এবং যথাযথভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা ও দায়বদ্ধতার সঙ্গে এগিয়ে আসতে হবে। প্রতিটি সভার সিদ্ধান্ত অনুসরণ করে পারস্পরিক যোগাযোগ ও সমন্বয়ের মাধ্যমে কাজ করা গেলে, বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ক্ষেত্রে কার্যকর উদ্যোগ গ্রহণ সম্ভব হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন”।

সভায় কমিটির সদস্য ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা: শামীম, স্কুল অব বিজনেস এর ডিন অধ্যাপক ড. মো: মঈনুল ইসলাম, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল এর ডিন অধ্যাপক তানভীর আহসান, ওপেন স্কুল এর ডিন অধ্যাপক ড. মোছা: শিরিন সুলতানা, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজি এর ডিন অধ্যাপক ড. মো: আব্দুল মজিদ মন্ডল, স্কুল অব এডুকেশন এর ডিন অধ্যাপক আমিরুল ইসলাম, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল এর ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম, স্কুল অব ল এর ডিন অধ্যাপক ড. নাহিদ ফেরদৌসী এবং কমিটির সদস্য-সচিব রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি.এম আহমেদ হুসেইন উপস্থিত ছিলেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)